# উদ্বৃত্ত আয়যুক্ত ব্যক্তির জন্য ঐচ্ছিক পে-ইন প্রোগ্রাম (Bengali)

Human Resources Administration
Department of Social Services

MAP-931a (B) 03/22/2019

যে ব্যক্তিদের আয় মেডিকেল সহায়তার (Medical Assistance) আয়ের সীমা ছাড়িয়ে যায় তাদের তখনও মেডিকেল বিল থেকে সাহায্য পাওয়ার সম্ভাবনা থাকে। MAP-931, **উদ্বৃত্ত আয় কর্মসূচীর ব্যাখ্যা (Explanation of the Surplus Income Program)** বর্ণনা করে যে যদি প্রতি মাসে আপনি আপনার মেডিকেল বিল আমাদের কাছে নিয়ে আসেন বা পাঠান যা আপনার উদ্বৃত্ত রোজগারের সমান বা তার থেকে বেশি, তাহলে সেই মাসে মেডিকেল সহায়তা প্রদানকারীর থেকে আপনি অন্য যেকোন **বহির্বিভাগ** মেডিকেল খরচ পাওয়ার জন্য কভারেজ পেতে পারেন। নিচে মেডিকেল সহায়তার কভারেজ পাওয়ার আরেকটি উপায় ব্যাখ্যা করা হল।

প্রতিমাসে আপনার মেডিকেল বিল নিয়ে আসা বা পাঠানোর বদলে, আপনি আপনার রোজগারের একটা পরিমাণ আমাদের পেমেন্ট করতে পারেন যা সীমা অতিক্রম করছে। যদি আপনি আমাদের এই নগদ পেমেন্ট করবেন বলে সিদ্ধান্ত নিয়ে থাকে, তাহলে আপনি যে মাসের জন্য পে করছেন তার জন্য আউটপেসেন্ট কভারেজ পাবেন এবং আপনাকে কোন মেডিকেল বিল অর্জন না করা পর্যন্ত অপেক্ষা করতে হবেনা। যদি আপনি পুরো ছ'মাসের উদ্বৃত্ত রোজগারের খরচ পেমেন্ট করেন, তাহলে আপনাকে ছ'মাসের জন্য আউটপেসেন্ট এবং ইনপেসেন্ট কভারেজ দেওয়া হবে। একবার আপনার প্রদত্ত কভারেজ থাকলে, আপনি আপনার ডাক্তার বা অন্যান্য মেডিকেল প্রদানকারীর থেকে পরিষেবা নেওয়ার জন্য মেডিকেল সহায়তার কার্ড ব্যবহার করতে পারেন। আপনাকে এই বিষয়ে নিশ্চিত হতে হবে যে সহায়তা প্রদানকারী যেন আপনার পরিষেবা গ্রহণ করার আগে মেডিকেল সহায়তা প্রোগ্রাম থেকে পেমেন্ট গ্রহণ করে।

যদি আপনি আপনার উদ্বৃত্ত আয় আমাদের পে করেন এবং তারপর মেডিকেল পরিষেবার জন্য বিল দেন (যেমন, চিরোপ্র্যাক্টরের পরিষেবা) তাহলে সেক্ষেত্রে মেডিকেল সহায়তা কভার করবেনা, আমরা আপনার রিফান্ড দেব বা পরবর্তি উপলব্ধ কভার না করা মাসের জন্য আমরা আপনাকে ধার দেব। আপনি ধার বা রিফান্ডের জন্য পেড বা আনপেড বিল আমাদের কাছে নিয়ে আসতে পারেন বা আমাদের পাঠাতে পারেন।

মনে রাখবেন, আমরা কিন্তু আপনার **Medicare** বা অন্য কোন স্বাস্থ্য বিমা দ্বারা কভার কলা বিল বা বিলের অংশের জন্য কোন পেমেন্ট বা ধার দিই না।

যদি আপনি আপনার উদ্বৃত্ত আয় আমাদের কাছে পে করার সিদ্ধান্ত নেন, তাহলে সময়ে সময়ে যা আমরা আপনার জন্য প্রদান করেছি এবং যে পরিমান নগদ আপনি প্রদান করেছেন তার তুলনা করে আমরা সমস্ত দাবি করা নগদের পর্যালোচনা করব। আপনার যতটা দেওয়া উচিত ছিল তার থেকে যদি বেশি আপনাকে প্রদান করতে হয়, তাহলে আমরা অন্য মাসে হয় আপনাকে কভারেজের জন্য রিফান্ড দেব বা ধার দেব। আপনার পরিস্থিতি বিবেচনা করে আমরা সিদ্ধান্ত নেব।

পে-ইন প্রোগ্রামে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করে দেখা উচিত:

1. কোন মাসে আপনার মেডিকেল পরিষেবা প্রয়োজন জানা না থাকলে, মাসে আপনার উদ্বৃত্ত আয় আমাদের পে করাটা আপনার উপকারে **লাগবে না**।
2. যদি আপনি সময়ের জন্য আপনার উদ্বৃত্ত আয় দেন এবং তারপর আপনার মেডিকেল সহায়তার কার্ড ব্যবহার না করেন, তাহলে পরিণতিতে সেটি রিফান্ড দিতে বা ধার দিতে আমাদের অন্তত এক বছর সময় লাগবে। এর কারণ হল আমরা অপেক্ষা করব যদি এই সময়ের মধ্যে আপনার তরফ থেকে কোনরকম দাবি করা হয়।
3. যদি আপনি আপনার উদ্বৃত্ত আয় আমাদের পে করতে চান বলে সিদ্ধান্ত নেন, তাহলে সেটি আপনি প্রতি মাসেও করতে পারেন বা কেবলমাত্র সেই মাসগুলিতে করতে পারেন যে সামে আপনার মেডিকেল সহায়তার প্রয়োজন। যদি আপনি চান, আপনি এককালীন এক মাসের বেশি সময়ের জন্য আমাদের পে করতে **পারেন**, অন্তত ধারাবাহিক ছ'মাসের জন্য। তবে, যদি আপনি আপনার উদ্বৃত্ত আয় পে করার সিদ্ধান্ত নিয়ে থাকেন এবং তারপর আমাদের পরপর তিন মাস পেমেন্ট না করেন, তাহলে আপনার কেসটি বন্ধ করার জন্য আমাদের ইন্টেন্টর একটি নোটিশ পাবেন। যদি আপনার উদ্বৃত্ত রোজগারের অন্তত সমান আপনি ইনকিউর মেডিকেল খরচ অর্জন করতে চান এবং কভারেজ গ্রহণ করার জন্য পেমেন্ট করতে চান বা বিল জমা দিতে চান তাহলে আপনাকে হয়তো মেডিকেল সহায়তার জন্য পুনরায় আবেদন করতে হবে।

কিছু পরিস্থিতিতে, Medicaid সম্পূরক প্রয়োজনীতার ট্রাস্টে (Supplemental Needs Trust) থাকা আয় গণনা করে না। অনুগ্রহ করে সংযুক্ত "Medicaid যোগ্যতার উপর ট্রাস্টের প্রভাবের বিষয়ে ব্যাখ্যা" পড়ুন। এই তথ্যটি স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট: http://health_care/Medicaid/index.htm#trusts এও উপলব্ধ।

**আমরা যখন নির্ধারণ করব যে আপনি মেডিকেল সহায়তার যোগ্য তখন আপনি আপনার সম্পত্তির প্রমাণ না দিলে দীর্ঘ-মেয়াদী প্রযত্ন পরিষেবার কভারেজের জন্য যোগ্য হবেননা।**

**এই চিঠি বুঝতে অনুবিধা হলে বা আরও তথ্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে HRA Medicaid Helpline –এর 1-888-692-6116 নম্বরে ফোন করুন।**

**আপনি কি শারীরিক বা মানসিকভাবে অসুস্থ বা প্রতিবন্ধী?** এই অবস্থার কারণে এই বিজ্ঞপ্তি বুঝতে কি আপনার অসুবিধা হচ্ছে অথবা এই বিজ্ঞপ্তিতে যা বলা আছে তা বুঝতে পারছেন না? এই অবস্থার কারণে কী HRAএর অন্য পরিষেবাগুলি পেতে আপনার সমস্যা হচ্ছে? **আমরা আপনাকে সাহায্য করতে পারি।** 212-331-4640 এই নম্বরে আমাদের ফোন করুন। এছাড়া আপনি যখন HRA অফিসে আসবেন তখনও সহায়তা চাইতে পারেন। আইন অনুসারে এই ধরণের সাহায্য চাওয়ার অধিকার আপনার আছে।

## Medicaid যোগ্যতার উপর ট্রাস্টের প্রভাবের বিষয়ে ব্যাখ্যা

## ট্রাস্ট কী?

ট্রাস্ট হল একটি আইনি পদ্ধতি যার মাধ্যমে একজন ব্যক্তি তার দ্বারা সৃষ্ট ট্রাস্টের নির্দেশাবলী অনুযায়ী নির্বাহ করার জন্য নিজের সম্পত্তির নিয়ন্ত্রণ অন্য ব্যক্তিকে (ট্রাস্টি) প্রদান করে। একটি ট্রাস্টের মধ্যে এগুলি থাকতে পারে:

- নগদ বা অন্যান্য চলতি সম্পত্তি; **এবং**
- প্রকৃত বা ব্যক্তিগত সম্পত্তি যা নগদে পরিবর্তন করা যেতে পারে।

### কোন জিনিসগুলিকে সম্পত্তি হিসেবে গণনা করা হয় এবং একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করার জন্য ব্যবহার করা হয়?

প্রায়শই যে সম্পত্তিগুলি ট্রাস্টে রাখা হয় তার মধ্যে রয়েছে আয়, একত্রিত সম্পদ এবং প্রকৃত সম্পত্তি।

### একটি ট্রাস্ট কিভাবে আমার Medicaid সুবিধাগুলিকে প্রভাবিত করবে?

একটি সাধারণ নিয়ম হিসেবে যদি আপনি একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করার জন্য আপনার সম্পত্তি ব্যবহার করেন তাহলে 1লা জানুয়ারি, 2000 তারিখে বা তার পরে আপনার সমস্ত বা আংশিক ট্রাস্ট সম্পত্তিকে আপনার Medicaid যোগ্যতা নির্ধারণ করার উদ্দেশ্যে আপনার সম্পদ হিসেবে গণনা করা হবে।

- **প্রত্যাহারযোগ্য** ট্রাস্টের ক্ষেত্রে সম্পূর্ণ ট্রাস্ট হল আপনার সম্পদ।
- **প্রত্যাহারযোগ্য** ট্রাস্টের ক্ষেত্রে, যদি কোনও পরিস্থিতির অধীনে আপনাকে বা আপনার সুবিধার জন্য কোনও পেমেন্ট করা যায় তাহলে ট্রাস্টের যে অংশের থেকে পেমেন্ট করা যেতে পারে, সেটি আপনার সম্পদ হবে।

### এই গণনা নিয়মের মধ্যে কি কোনও ব্যতিক্রম আছে?

এখানে কিছু নির্দিষ্ট ব্যতিক্রম আছে যা এগুলির ক্ষেত্রে প্রযোজ্য:

- "বিশেষ প্রয়োজনীয়তার ট্রাস্ট" (কখনও কখনও "সম্পূরক প্রয়োজনীয়তার ট্রাস্ট") যা 65 বছরের কম বয়সী অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তিদের সুবিধার জন্য তৈরি করা হয়। একটি "বিশেষ প্রয়োজীয়তার ট্রাস্ট"কে নিশ্চিতভাবে:
  - ব্যক্তির নিজস্ব সম্পত্তি দিয়ে তৈরি করা হয়; **এবং**
  - প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তির পিতা-মাতা, পিতামহ-পিতামহী, বা আইনি অভিভাবক বা আদালত দ্বারা তৈরি করা হয়; **এবং**
  - এই বিষয়টি উল্লেখিত থাকে যে প্রতিবন্ধী ব্যক্তির মৃত্যুর পর ট্রাস্টে অবশিষ্ট সমস্ত অর্থরাশি স্টেট পাবে, সেই ব্যক্তির পক্ষ থেকে প্রদত্ত Medicaid পরিমাণ পর্যন্ত।
- "পুল্ড ট্রাস্ট" যা যে কোনও বয়সের অনুমোদিত প্রতিবন্ধী ব্যক্তির সুবিধার জন্য তৈরি করা হয়। "পুল্ড ট্রাস্ট" হিসেবে বিবেচনা করা হবে:
  - ট্রাস্ট যেন অবশ্যই একটি অলাভজানক সংস্থা প্রতিষ্ঠা এবং পরিচালনা করে;
  - এই ট্রাস্টটি প্রতিটি ব্যক্তির জন্য পৃথক অ্যাকাউন্ট পরিচালনা করে যাদের সম্পত্তি পুল্ড ট্রাস্টের মধ্যে সংযুক্ত আছে কিন্তু ট্রাস্টের তহবিলের বিনিয়োগ এবং পরিচালনার উদ্দেশ্যে এই অ্যাকাউন্টগুলি পুল করে;
  - এই ট্রাস্ট যেন অবশ্যই ব্যক্তির নিজস্ব সম্পত্তি দিয়ে তৈরি করা হয়ে থাকে;
  - ট্রাস্টের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তির অ্যাকাউন্ট যেন অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তির পিতা-মাতা, পিতামহ-পিতামহী, বা আইনি অভিভাবক বা আদালত দ্বারা তৈরি করা হয়; **এবং**
  - এই ট্রাস্টে যেন অবশ্যই এই বিষয়টি উল্লেখিত থাকে যে ব্যক্তির মৃত্যুর পর ট্রাস্টে অলাভজনক সংস্থার অধিকার-বিহীন অবশিষ্ট সমস্ত অর্থরাশি স্টেট পাবে, সেই ব্যক্তির পক্ষ থেকে প্রদত্ত Medicaid পরিমাণ পর্যন্ত।

Medicaid বিশেষ প্রয়োজনীয়তার ট্রাস্ট বা পুল্ড ট্রাস্টের সম্পত্তিগুলি গণনা করবে না, যদি এটি বর্ণিত মানদণ্ড পূরণ করে। এই ধরনের কোনও একটি ট্রাস্ট প্রত্যক্ষভাবে আয় বিমুখ করেছে বা গ্রহণ করেছে এবং তারপর ট্রাস্টের মধ্যে জমা করেছে এমন হলে এটিকে আয় হিসেবে গণনা করা হবে না। আয়টি ট্রাস্টে রাখা হয়েছে কিনা তা যাচাইকরণ দরকার। প্রতিবন্ধী ব্যক্তিকে দেওয়া যে কোনও ট্রাস্টের সম্পত্তিকে আয় হিসেবে গণনা করা হয়।

## আমি একবার ট্রাস্ট তৈরি করার পর স্থানীয় সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্ট দ্বারা আমার আয় রিবাজেট করানোর জন্য কিভাবে অনুরোধ করব?

আপনাকে আপনার স্থানীয় সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্টকে আপনার ট্রাস্টের একটি প্রতিলিপি অবশ্যই প্রদান করতে হবে। আপনাকে অবশ্যই একটি লিখিত বিবৃতি সংযুক্ত করতে হবে যাতে মাসিক আয়ের পরিমাণ উল্লেখ থাকবে যেটি প্রতি মাসে আপনার ট্রাস্টে জমা করা হবে।

## একটি ট্রাস্টের অর্থরাশি যেটি আমার সম্পদ নয় আমার Medicaid সুবিধাকে কিভাবে প্রভাবিত করবে?

- ট্রাস্ট থেকে আপনাকে প্রত্যক্ষভাবে পরিশোধিত অর্থরাশিকে আয় হিসেবে গণনা করা হবে।
- আপনার সুবিধার জন্য কাউকে প্রত্যক্ষভাবে পরিশোধিত অর্থরাশিকে আয় হিসেবে গণনা করা হবে না (যেমন খাদ্য, আশ্রয়, টেলিফোন বিল, শিক্ষা, মনোরঞ্জন ইত্যাদি)।

## একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করার ব্যাপারে আমি আরও তথ্য কিভাবে জানতে পারব?

যদি আপনি একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করার জন্য ইচ্ছুক হন তাহলে আপনার একজন উকিল বা আর্থিক পরামর্শদাতার পরামর্শ নেওয়া উচিত। আপনি আপনার স্থানীয় আইনি সহায়ক বা আইনি পরিষেবা অফিসে ফোন করে বিনামূল্যে একটি উকিলের সাহায্য পেতে পারেন। অন্যান্য উকিলের নামের জন্য আপনার স্থানীয় বা স্টেট বার অ্যাসোসিয়েশনকে ফোন করুন।

যদি পাওয়ার অফ অ্যাটর্নি (Power of Attorney, POA) আপনার জন্য একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করে তাহলে POA-এর অধীনে প্রদত্ত ক্ষমতার মধ্যে উপহার দেওয়ার অনুমতি অবশ্যই থাকতে হবে।

**দ্রষ্টব্য:** এর সঙ্গে, বিবাহিত বা একক ব্যক্তির ক্ষেত্রে আপনি যে সম্পত্তি একটি ট্রাস্টে তহবিল দেওয়ার জন্য ব্যবহার করবেন এবং আপনি কমিউনিটিতে থাকার সময় যেটি গণনা না করাও যেতে পারে সেটি দীর্ঘ মেয়াদী নার্সিং হোম পরিচর্যার খরচের জন্য আপনাকে যে অর্থরাশি অবশ্যই দিতে হবে সেটির পরিমাণ নির্ধারণ করার জন্য গণনা করা হবে। সম্পত্তি হস্তান্তর বিধানের অধীনে ট্রাস্টের প্রতি এবং ট্রাস্টের থেকে হস্তান্তরের ক্ষেত্রে অতিরিক্ত নিয়ম প্রযোজ্য হতে পারে।

যদি আপনি বিবাহিত হন এবং আপনার Medicaid যোগ্যতা, যোগ্যতা-উত্তর নিয়মের সাথে স্পাউজাল ইমপোভেরিশমেন্ট বাজেটের অধীনে নির্ধারিত হয় (যেমন আপনি Medicaid পরিচালিত দীর্ঘমেয়াদী পরিচর্যা প্রকল্পে নথিভুক্ত রয়েছেন), ট্রাস্টের মধ্যে জমা করা আপনার যে কোনও আয় আপনার যোগ্যতা নির্ধারণ করার জন্য গণনা করা হবে।

এটি সাধারণ তথ্যসমূহ।
আরও তথ্যের জন্য
কল করুন 1-800-541-2831